ভোরের কাগজ

তারিখ 05 JUL 2005
পৃষ্ঠা ১ কলাম ২

# মন্ত্রিসভা বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন সংশোধনের সিদ্ধান্ত নিয়েছে

কাগজ প্রতিবেদক : মন্ত্রিসভা ১৯৯২ সালের বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন সংশোধনের সিদ্ধান্ত নিয়েছে। গতকাল সোমবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভার সাপ্তাহিক বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। প্রধানমন্ত্রী খালেদা জিয়া বৈঠকে সভাপতিত্ব করেন। ● এরপর-পৃষ্ঠা ২ কলাম ২

## মন্ত্রিসভা বেসরকারি

● প্রথম পাতার পর

বৈঠকে কৃষি উৎপাদন বৃদ্ধি এবং খাদ্যে সয়ম্ভরতা অর্জনের লক্ষ্যে বীজের মান নিয়ন্ত্রণের জন্য বীজ আইনকে সময়োপযোগী ও হালনাগাদ করার উদ্দেশ্যে বীজ (সংশোধন) আইন-২০০৫ এর খসড়া বৈঠকে অনুমোদন করা হয়।

এ ছাড়া দেশের উচ্চ শিক্ষার ক্রমবর্ধমান চাহিদা পূরণ ও সম্প্রসারণের লক্ষ্যে বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহে মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করার উদ্দেশ্যে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন-১৯৯২ যুগপযোগী করার বিষয়ে বৈঠকে বিস্তারিত আলোচনা হয়। বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন-১৯৯২ সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বৈঠকে বাংলাদেশী পণ্য পরিবহনের ক্ষেত্রে দ্য বাংলাদেশ ফ্ল্যাগ ভেসেল (সংশোধন আইন-২০০৩)-এর মাধ্যমে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক বিদেশী জাহাজসমূহকে প্রদত্ত জেনারেল ওয়েভারের মেয়াদ আরো দুই বছর বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

মন্ত্রিসভার সদস্য এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের প্রতিমন্ত্রীগণ বৈঠকে অংশগ্রহণ করেন। মন্ত্রিপরিষদ সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব এবং সংশ্লিষ্ট সচিবগণ বৈঠকে উপস্থিত ছিলেন।